দৈনিক ইত্তেফাক

তারিখ 19 MAY 2016
পৃষ্ঠা ৩ কলাম ৪

# ১০ দফা দাবিতে আমরণ অনশন

## মেডিক্যাল টেকনোলজি ও ফার্মেসি স্টুডেন্টস অ্যাসোসিয়েশন

■ ইত্তেফাক রিপোর্ট

১০ দফা দাবি বাস্তবায়নের দাবিতে আমরণ অনশন কর্মসূচি পালন করছেন বাংলাদেশ মেডিক্যাল টেকনোলজি ও ফার্মেসি স্টুডেন্টস অ্যাসোসিয়েশনের নেতৃবৃন্দ। তারা বলেছেন, আমরণ অনশনের পাশাপাশি গতকাল বুধবার ও আজ বৃহস্পতিবার সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত সারাদেশে সকল সরকারি-স্বায়ত্তশাসিত এবং বেসরকারি হাসপাতাল ও চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানে মেডিক্যাল টেকনোলজিস্ট এবং ফার্মাসিস্টরা কর্মবিরতি পালন করবে। আগামী সাত দিনের মধ্যে তাদের যৌক্তিক দাবি মেনে না নিলে লাগাতার কর্মবিরতিসহ বৃহত্তর আন্দোলনের ঘোষণা দেবে।

গতকাল বুধবার জাতীয় প্রেসক্লাবের সামনে আমরণ কর্মসূচিতে বক্তারা এসব কথা বলেন। অনশন কর্মসূচিতে একাত্মতা ঘোষণা করেন দেশের ৭টি সরকারি ও শতাধিক বেসরকারি আইএইচটি'র শিক্ষার্থীরা। অনশনে ২০ শিক্ষার্থী অসুস্থ হয়ে বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন বলে জানানো হয় প্রেস ব্রিফিংয়ে।